দৈনিক খবর

তারিখ 09 SEP 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

# ক্যাম্পাস স্বাভাবিক হয়ে উঠেছে ॥ বহিরাগতের সংখ্যা কমে গেছে

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি আবার স্বাভাবিক হয়ে উঠেছে। ছাত্র-ছাত্রীদের পদচারণায় আবারও মুখর হয়ে উঠছে ক্যাম্পাস। ক্যাম্পাসে পুলিশ ও বিডিআর জওয়ানদের প্রহরা অব্যাহত রয়েছে।

গত শুক্রবার ভোরে জাতীয়তাবাদী

*শেষ পৃষ্ঠায় ৭ম কলামে*

*প্রথম পৃষ্ঠার পর*

ছাত্রদলের দু'দল সমর্থকদের মধ্যে গুলী বিনিময়ে দু'জন ছাত্র নিহত হবার পর বিশ্ববিদ্যালয় এলাকায় আতংক ও থমথমে অবস্থা বিরাজ করছিল। দু'দিন বন্ধ থাকার পর গত সোমবার বিশ্ববিদ্যালয় খুললেও ঐদিন উপস্থিতির সংখ্যা ছিল খুবই কম। সাধারণ ছাত্র-ছাত্রীদের উপস্থিতি গতকাল ছিল সন্তোষজনক।

একটি সূত্র জানিয়েছে, বহিরাগতের সংখ্যা ক্যাম্পাসে হ্রাস পেয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত রোববার জরুরী নোটিশ দেয়ার পর অধিকাংশ হল থেকেই বহিরাগতদের সিংহভাগ চলে গেছে। তবে দু'একটি হলে বহিরাগতরা থাকলেও তারা খুব সাবধানে থাকছেন বলে সূত্র জানায়।